“তোমরা নিজেদের সন্তান-সন্ততিদেরকে সালাতের আদেশ দাও; যখন তারা সাত বছরের হবে। আর তারা যখন দশ বছরের সন্তান হবে, তখন তাদেরকে সালাতের জন্য প্রহার কর এবং তাদের বিছানা পৃথক করে দাও।”

‘আমর ইবন শু‘আইব, তার পিতা হতে, তিনি তার দাদা হতে বর্ণনা করে বলেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমরা নিজেদের সন্তান-সন্ততিদেরকে সালাতের আদেশ দাও; যখন তারা সাত বছরের হবে। আর তারা যখন দশ বছরের সন্তান হবে, তখন তাদেরকে সালাতের জন্য প্রহার কর এবং তাদের বিছানা পৃথক করে দাও।”
[হাসান] [আবু দাউদ এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে বর্ণনা করেছেন যে, পিতার উচিত তার সন্তানদেরকে-ছেলে বা মেয়ে- সাত বছর বয়সে সালাতের আদেশ দেওয়া, তাদেরকে সালাত আদায়ের প্রয়োজনীয় শিক্ষা দেওয়া। আর যখন তারা দশ বছর বয়সে উপনীত হবে, তখন তাদেরকে সালাতের ব্যাপারে আরো বেশি নির্দেশ দিতে হবে। সালাত আদায়ে অলসতা করলে তাকে প্রহার করতে হবে এবং তাদেরকে পিতামাতার ও তাদের পরস্পর বিছানা থেকে আলাদা করে দিতে হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/5272